



## আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

১৮ মাঘ ১৪২৯

তারিখঃ

০১ ফেব্রুয়ারি ২০২৩

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

### বন্ড ইস্যুর মাধ্যমে দীর্ঘমেয়াদি তহবিল সংগ্রহ প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন আর্থিক প্রতিষ্ঠান দীর্ঘমেয়াদি উৎস হতে তহবিল সংগ্রহ না করে আন্তঃব্যাংক লেনদেনসহ বিভিন্ন স্বল্পমেয়াদি উৎস হতে তহবিল সংগ্রহ করে লীজ অর্থায়নের মত দীর্ঘমেয়াদি বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করছে। ফলশ্রুতিতে কোন কোন আর্থিক প্রতিষ্ঠান তহবিলের Maturity Mismatch এর কারণে আন্তঃব্যাংক লেনদেন হতে উত্তুত দায় এবং আমানতকারীদের অর্থ মেয়াদান্তে পরিশোধে ব্যর্থ হচ্ছে, যা প্রত্যাশিত নয়।

২। এমতাবস্থায়, নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানসমূহের স্বতন্ত্র বৈশিষ্ট্য বজায় রাখা ও বিদ্যমান Maturity Mismatch এর সুদৃশ্য ব্যবস্থাপনার মাধ্যমে পাবলিক মানির ঝুঁকি হ্রাসের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে আন্তঃব্যাংক লেনদেন পরিহার করতঃ বন্ড ইস্যুর মাধ্যমে দীর্ঘমেয়াদি তহবিল সংগ্রহের উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমির উদ্দিন)  
পরিচালক (ডিএফআইএম)  
ফোনঃ ৯৫৩০১৭৮।